চট্টগ্রাম বন্দরনগরীর হালিশহর হাউজিং এস্টেটে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ২১৬টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প



| ফ্ল্যাট সংখ্যা | ২১৬টি |
|---|---|

যশোর জেলার সরকারী ভূমিতে আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প



| ফ্ল্যাট সংখ্যা | ১৪৪ টি |
|---|---|

সিলেট শহরে সীমিত আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প



| ফ্ল্যাট সংখ্যা | ৮৮টি |
|---|---|

মাদারীপুর জেলার শিবচর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প




| প্লট সংখ্যা | ৭৬৯ টি |
|---|---|

সিরাজগঞ্জের কোবদাস পাড়ায় "স্বল্প আয়ের মানুষের জন্য উন্নত জীবন ব্যবস্থা প্রকল্পের আওতায় গৃহ নির্মাণ (বিশ্বব্যাংক ও GoB অর্থায়নে)



| প্লট সংখ্যা | ৩১৬টি |
|---|---|

রাজশাহী জেলার তেরখাদিয়ায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প



| প্লট সংখ্যা | ১২৪টি |
|---|---|


প্রয়োজনীয় তথ্য ডাউনলোড করতে QR কোড স্ক্যান করুন

যোগাযোগ

NHA

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ**
গৃহায়ন ভবন
৮২ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.nha.gov.bd
ই-মেইল: info@nha.gov.bd


6 October 2025
World Habitat Day
Urban crisis response

NHA

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ**
**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

# বিশ্ব বসতি দিবস ২০২৫

URBAN CRISIS RESPONSE

## আমাদের সম্পর্কে

'জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ আইন, ২০০০' এর মাধ্যমে ২০০১ সালে প্রতিষ্ঠিত 'জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ' গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কাজ হচ্ছে সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে বিভাগীয় শহর থেকে উপজেলা পর্যন্ত স্বল্প ও মধ্যম আয়ের মানুষের আবাসনের ব্যবস্থা করা। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ তার নিজস্ব জমিতে ও জমি অধিগ্রহণ করে  পরিকল্পিত আবাসিক প্লট/ফ্ল্যাট/ইমারত/বাণিজ্যিক কমপ্লেক্স নির্মাণপূর্বক তা বিভিন্ন শ্রেণি পেশার মানুষের মধ্যে কিস্তি সুবিধায় বরাদ্দ প্রদান করে।





## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা

ব্রিটিশ শাসন পরবর্তী দেশ বিভাগের ফলে মুসলমান মোহাজেরগণ অপরিকল্পিতভাবে বিভিন্ন শহরে বসবাস করতে শুরু করে। তাদের জন্য পরিকল্পিত আবাসন সৃষ্টির লক্ষ্যে ১৯৫৮ সালে পূর্ত, বিদ্যুৎ ও সেচ মন্ত্রণালয়ের অধীন ‘গৃহায়ন উইং’ গঠন করা হয়।

সমগ্র দেশব্যাপী স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসন সৃষ্টি করার লক্ষ্যে ১৯৭১ সালে ‘গৃহসংস্থান অধিদপ্তর’ প্রতিষ্ঠিত হয়।

‘জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ আইন, ২০০০’ এর মাধ্যমে ২০০১ সালে ‘গৃহসংস্থান অধিদপ্তর’ বিলুপ্ত করে ‘জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ’ প্রতিষ্ঠা করা হয়।

### রূপকল্প (Vision):

স্বল্প ও মধ্যম আয়ের বিভিন্ন শ্রেণি পেশার মানুষের জন্য পরিকল্পিত, নিরাপদ, সাশ্রয়ী ও টেকসই আবাসন নিশ্চিতকরণ।

### অভিলক্ষ্য (Mission):

সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসন নির্মাণ।

### প্রধান কার্যক্রম

- জমি উন্নয়ন ও প্লট বরাদ্দ
- বহুতল আবাসন প্রকল্প বাস্তবায়ন
- ফ্ল্যাট নির্মাণ ও বিক্রয়
- নিম্ন ও মধ্যবিত্তের জন্য সাশ্রয়ী আবাসন
- সরকারি/বেসরকারি অংশীদারিত্বে আবাসন উন্নয়ন
- পুনর্বাসন কার্যক্রম (বস্তিবাসী ও ভূমিহীনদের জন্য)

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অর্জন

নগরায়নের চ্যালেঞ্জ মোকাবিলায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সর্বস্তরের মানুষের জন্য সমগ্র বাংলাদেশে আবাসন প্রকল্প বাস্তবায়ন করছে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ দেশের ৮টি বিভাগের ৩৮টি জেলায় এবং ৮টি উপজেলায় ৬৬টি হাউজিং এস্টেট প্রতিষ্ঠা করেছে। সুপরিকল্পিত নগরায়ন নিশ্চিতকল্পে স্বল্প ও মধ্যম আয়ের মানুষকে সাশ্রয়ী আবাসন প্রদানের লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ২০০১ সাল হতে ঢাকাসহ সারাদেশের ২১টি জেলায় এবং ৪টি উপজেলায় ২২টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প এবং ৩১টি প্লট উন্নয়ন প্রকল্প মোট ৫৩টি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করেছে। উক্ত ২২টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্পে ৬৫৭৬টি ফ্ল্যাট এবং ২৬টি প্লট উন্নয়ন প্রকল্পে ৬০২৪টি প্লট তৈরীর কাজ সম্পন্ন করা হয়েছে এবং এ সকল প্রকল্পের ফ্ল্যাট ও প্লট বরাদ্দগ্রহীতাগণকে সাশ্রয়ী মূল্যে ও দীর্ঘমেয়াদী সহজকিস্তিতে হস্তান্তর করা হয়েছে।

| নির্মিত ফ্ল্যাট | নির্মিত প্লট | বাস্তবায়িত প্রকল্প |
|---|---|---|
| ৬৫৭৬ টি | ৬০২৪ টি | ৫৩ টি |

## আমাদের অর্জন

বাংলাদেশ সরকারের নীতিমালা অনুযায়ী উন্মুক্ত স্থান, ভূমিকম্প সহনীয় ও অগ্নিকান্ডরোধী প্রযুক্তি, বৃষ্টির পানি সংরক্ষণাধার, পয়ঃশোধনাগার, নবায়নযোগ্য সৌর জ্বালানি, ব্যবহৃত পানি রিসাইকেল ব্যবস্থা, আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিচার্জ ব্যবস্থা, ভূগর্ভস্থ কেন্দ্রীয় স্টোরেজের মাধ্যমে রেটিকুলেটেড এল,পি গ্যাস সরবরাহ ব্যবস্থা ইত্যাদির সহায়তায় গ্রীণ টেকনোলজি ব্যবহার করে টেকসই ও পরিকল্পিত আবাসন নির্মাণ করা হচ্ছে।

### আমাদের সেবাসমূহ

- প্লট বরাদ্দ
- ফ্ল্যাট বরাদ্দ
- হস্তান্তর ও নামজারী অনাপত্তি
- বন্ধক অনাপত্তি
- প্লট/ফ্ল্যাটের বাস্তব দখল প্রদান
- একাধিক প্লটের উপর যৌথভাবে নির্মাণ অনাপত্তি
- খন্ড প্লট বরাদ্দ
- প্লট বিভক্তিকরণ ও প্লট একত্রীকরণ অনাপত্তি
- নিম্নমান/নিউক্লিয়াস বাড়ী বরাদ্দ
- খেলাপী কিস্তির টাকা দেয়ার অনাপত্তি
- দায়মুক্তি ছাড়পত্র
- ভাঙ্গা ও পুন:নির্মাণ
- লীজ দলিল রেজিস্ট্রেশন
- আম-মোক্তার নিয়োগের অনাপত্তি
- আম-মোক্তারনামা গ্রহণ
- কনভারশন/রূপান্তর অনাপত্তি
- ভাড়াটিয়া নিয়োগের অনাপত্তি
- দান/হেবা অনাপত্তি

### প্লট/ফ্ল্যাট এর জন্য আবেদনের নিয়মাবলী

জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের যে কোনো হাউজিং এস্টেট প্লট/ফ্ল্যাট বরাদ্দ পেতে প্রথমে একজন আবেদনকারীকে কর্তৃপক্ষের নির্ধারিত অফিস হতে ১০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে প্রস্পেক্টাস সংগ্রহ করতে হবে। সকল শ্রেণি ও পেশার মানুষ প্লট/ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করতে পারবেন। এছাড়া বিদেশে কর্মরত বাংলাদেশী নাগরিকগণও প্লট/ফ্ল্যাট বরাদ্দের আবেদন করতে পারবেন। প্রস্পেক্টাসে বর্ণিত শর্তাদি পালন, প্রয়োজনীয় কাগজপত্র এবং প্লট/ফ্ল্যাটের সাইজ অনুযায়ী নির্ধারিত জামানত এর টাকা পে-অর্ডারের মাধ্যমে জমা পূর্বক ক্রয়কৃত আবেদন ফর্ম নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করতে হবে। আবেদনপত্র জমা প্রদানের তারিখের পর আবেদনগুলি যাচাই-বাছাই করে বৈধ আবেদনকারীর তালিকা প্রস্তুতপূর্বক প্লট/ফ্ল্যাট লটারির মাধ্যমে বরাদ্দ করা হয় যা পরবর্তীতে কর্তৃপক্ষের ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডে প্রদর্শিত থাকে। সকল বরাদ্দ গ্রহীতার নিকট ডাক ও ই-মেইল যোগে বর্তমান ও স্থায়ী ঠিকানায় বরাদ্দপত্র প্রেরণ করা হয়। উক্ত বরাদ্দপত্রে টাকা পরিশোধের সকল সময়সূচী ও অন্যান্য শর্তাবলী উল্লেখ থাকে।

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিভিন্ন উল্লেখযোগ্য প্রকল্প

ঢাকায় মিরপুরে স্বপ্ননগর-১ আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প



| ফ্ল্যাট সংখ্যা | ১০৪০ টি |
|---|---|

ঢাকায় মিরপুরে স্বপ্ননগর-২ আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প




| ফ্ল্যাট সংখ্যা | ১৫৬০টি |
|---|---|

ঢাকার মোহাম্মদপুরস্থ ‘এফ’ ব্লকে আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প



| ফ্ল্যাট সংখ্যা | ৯০০টি |
|---|---|

